

## এটলাস বাংলাদেশ লিমিটেড

২৬৫-২৬৭, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর।

শুদ্ধাচার চর্চার ২০২০-২০২১ অর্থবছরের পুরস্কার প্রদানের লক্ষ্যে গঠিত বাছাই কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ: আব্দুল মালেক মোড়ল, ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) ও কমিটির আহ্বায়ক।

সভার তারিখ : ২৭-১২-২০২১ খ্রি.

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : এবিএল বোর্ডরুম

০২. উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাছাই কমিটির সদস্য-সচিব সভাকে জানান যে, সরকারি কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ প্রণয়ন করেছেন। এরই অনুবৃত্তিক্রমে বাংলাদেশ গেজেট এপ্রিল ৬, ২০১৭ -এর বিধান ৬ মূলে এবিএল-এ ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে বাছাই কমিটি গঠন করা হয়। গত ১৮-০৮-২০২১ তারিখের আন্তঃবিভাগীয় পত্রের মাধ্যমে বিভাগীয় প্রধানদের নিকট পুরস্কার প্রদানের মনোনয়ন চাওয়া হয় এবং সকল বিভাগ হতে মনোনয়ন পাওয়া যায়। তিনি আরোও বলেন যে, প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), বিভাগীয় প্রধানদের মধ্য হতে প্রশাসন বিভাগীয় প্রধান জনাব নাদিম হোসেন এবং বিক্রয় বিভাগীয় প্রধান জনাব মোঃ আজিবুর রহমান'কে মনোনয়ন প্রদান করেন।

০৩. সভার এ পর্যায়ে কমিটি প্রথমে গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত মনোনীত কর্মচারীদের গেজেট অনুযায়ী শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ১৮টি সূচকে ৯০ নম্বর এবং মন্ত্রণালয়/বিভাগীয় অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রমে ১০ নম্বরসহ মোট ১০০ নম্বর-এ মূল্যায়ন করত: সর্বোচ্চ নম্বর প্রাপ্ত জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী ফোরম্যান -কে পুরস্কারের জন্য নির্বাচিত করেন।

০৪. অনুরূপে গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত কর্মচারীদের ১০০ নম্বরে মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত জনাব আবুল বাশার খান, বাণিজ্যিক কর্মকর্তা -কে পুরস্কারের জন্য নির্বাচিত করেন।

সিদ্ধান্ত : ক) শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭ এর আলোকে গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত নির্বাচিত কর্মকর্তা

জনাব আবুল বাশার খান, বাণিজ্যিক কর্মকর্তা (গ্রেড-৯)

- মূল বেতন ৩০,৯৯০.০০

খ) গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত নির্বাচিত কর্মচারী

জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী ফোরম্যান

- মূল বেতন ২২,৫৩০.০০

৫.০ জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ এর (৭) অনুযায়ী নির্বাচিতদের প্রত্যেকে পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট এবং এক মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন।


29-12-21


Khan


Bahman


১৩০৫২৫৮


সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
(মোঃ মামুনুর রশিদ)  
সহকারী শেয়ার কর্মকর্তা  
ও  
কমিটির সদস্য


  
(কানিজ ফাতেমা)  
প্রশাসনিক কর্মকর্তা  
ও  
কমিটির সদস্য-সচিব


  
(মো: আবুল কাশেম)  
ক্রয় বিভাগীয় প্রধান  
ও  
কমিটির সদস্য


  
(মিজ সৈয়দা নাজমা ইয়াসমিন)  
উৎপাদন বিভাগীয় প্রধান  
ও  
কমিটির সদস্য

  
(মো. শহীদুল ইসলাম)  
ভান্ডার বিভাগীয় প্রধান  
ও  
কমিটির সদস্য

  
(সঞ্জয় কুমার দত্ত)  
হিসাব বিভাগীয় প্রধান,  
কোম্পানি সচিব  
ও  
কমিটির সদস্য

  
(মো: আজবর রহমান)  
বিক্রয় বিভাগীয় প্রধান  
ও  
কমিটির সদস্য

  
(নাদিম হোসেন)  
প্রশাসন বিভাগীয় প্রধান  
ও  
কমিটির সদস্য

  
(প্রকৌ: আব্দুল মালেক মোড়ল)  
ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত)  
ও  
কমিটির আহবায়ক